

যুগ্মাত্মক

বশেমুরবিপ্রবির সাবেক ভিসির বাকুবিতে যোগদানে প্রতিক্রিয়া

প্রকাশ : ০৩ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংকরণ



বাকুবি প্রতিনিধি

শিক্ষার্থীদের তীব্র আন্দোলনের মুখে গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে (বশেমুরবিপ্রবি) পদত্যাগ করা ভিসি অধ্যাপক ড. খোন্দকার মো. নাসিরউদ্দিন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) নিজ বিভাগে যোগ দিতে আবেদন করেছেন। মঙ্গলবার সকালে আগের কর্মস্থল বাকুবির বায়োটেকনোলজি বিভাগে যোগদানের জন্য আবেদন করেন এবং সেই সঙ্গে দু'দিনের ছুটি চেয়েছেন। বাকুবিতে তার যোগদানে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। এ নিয়ে দু'একজন শিক্ষার্থী সামাজিক যোগাযোগ মাধ্যমে পোষ্টও করেছেন। বায়োটেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক শহিদুল ইসলাম বলেন, তিনি যথাযথ নিয়ম অনুসরণ করেই আগের কর্মস্থলে যোগদানের আবেদন করেছেন। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক প্রবাল রায় প্রাত্ন যুগান্তরকে বলেন, বাকুবির মতো ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানে নাসিরউদ্দিনের মতো স্বেরাচার, দুর্নীতিগ্রস্ত ও বশেমুরবিপ্রবি থেকে বিতাড়িত শিক্ষকের জায়গা হতে পারে না। তিনি বিশ্ববিদ্যালয়ে যোগদানের চেষ্টা করলে আমরা কঠোরভাবে প্রতিবাদ করব।

এ বিষয়ে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান বলেন, বিশ্ববিদ্যালয় ও শিক্ষক সমাজের ভাবমূর্তি ক্ষুণ্ণকারী যে-ই হোক, আমরা তার পক্ষে নেই। এ বিষয়ে আজ (বুধবার) আমাদের সভা হয়েছে। আমরা দ্রুতই বিশ্ববিদ্যালয় প্রশাসন বরাবর আমাদের অবস্থান জানাব। এ ছাড়া তাকে শিক্ষক সমিতির সদস্য পদ থেকে অব্যাহতি দেয়া হবে।

আওয়ামীপন্থী শিক্ষকদের সংগঠন মীল দলের সাধারণ সম্পাদক অধ্যাপক মো. সাজাদ হোসেন বলেন, আমরা শিক্ষক হিসেবে সার্বিকভাবে বিরুত। বশেমুরবিপ্রবিতে থাকা অবস্থায় ইউজিসি তার বিভিন্ন অনৈতিক ও দুর্নীতিমূলক কর্মকাণ্ডের প্রমাণ পেয়েছে। এমন শিক্ষক বাকুবিতে যোগদানে শিক্ষক ও শিক্ষার্থীরা ক্ষুঁক। তিনি বাকুবিতে যোগ দিলে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিবেশ নষ্ট হবে। কৃষি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জহিরউদ্দিন বলেন, এটা প্রশাসনিক সিদ্ধান্তের ব্যাপার।

ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. সাইফুল ইসলাম বলেন, নাসিরউদ্দিনের আবেদন রেজিস্ট্রার দফতরে আসেনি। আমরা তার সব বিষয়ে অবগত। তিনি চার বছরের ডেপুটেশনে ছিলেন। তার আগেই তিনি বশেমুরবিপ্রবি থেকে পদত্যাগ করেছে। পদত্যাগ গৃহীত হলে সেই কাগজসহ আবেদন করলে সার্বিক বিষয় বিবেচনা করে সিদ্ধান্ত নেয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যন্মুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

